

# দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওমানকল হোসেন মানিক মিয়া

## দায়িত্ব অবহেলার দায়ে কেন্দ্র সচিবকে অব্যাহতি

 ০৫ নভেম্বর, ২০১৮ ইং ০০:০০ মিঃ

মুলাদী (বরিশাল) সংবাদদাতা

মুলাদীতে জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় দায়িত্ব অবহেলার দায়ে লক্ষ্মীপুর মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রের সচিব মোঃ সরোয়ার হোসেনকে অব্যাহতি দেওয়া হয়েছে। শনিবার বাংলা ১ম পত্র পরীক্ষায় অসতুপায় অবলম্বনের দায়ে লক্ষ্মীপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী তুষারকে হাতে-নাতে ধরার পরেও তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ না করে পরীক্ষার সুযোগ দেওয়ায় উপজেলা নির্বাহী অফিসার শনিবার রাতে ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও কেন্দ্র সচিব সরোয়ার হোসেনকে অব্যাহতি দেন।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত